



## অফিস ভাড়া বকেয়া নিয়ে সমন্বয়ক হাসিবের বিরুদ্ধে অভিযোগ



বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের মুখ্য সমন্বয়ক হাসিব আল ইসলাম ও তার সহযোগী মুনতাসিম বিল্লাহ মাহফুজ। ছবি : সংগৃহীত

বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের মুখ্য সমন্বয়ক হাসিব আল ইসলামকে ঘিরে অফিস ভাড়া ও মালামাল সরানো নিয়ে নতুন বিতর্ক তৈরি হয়েছে। অভিযোগ উঠেছে, ভাড়া পরিশোধ না করেই অফিসের জিনিসপত্র সরিয়ে নেওয়া হয়েছে। তার সঙ্গে ছিলেন সহযোগী মুনতাসিম বিল্লাহ মাহফুজ। জানা যায়, জায়গাটিতে আগে সামাজিক সংগঠন টিম পজিটিভ বাংলাদেশ—এর অফিস পরিচালনা করতেন গোলাম রাব্বানি। পরবর্তীতে রাব্বানির স্ত্রী ইসরাত বারী তৃণার কাছ থেকে পাওয়ার অব অ্যাটার্নি নেন তানিম সাহেদ রিপন, যিনি বাংলাদেশ জাতীয়তাবাদী দল—এর ব্রাহ্মণবাড়িয়া জেলা শাখার সাংগঠনিক সম্পাদক। পারিবারিকভাবে তৃণা ও রিপন চাচা—ভতিজি সম্পর্কের।

বিষয়টি নিয়ে এশিয়া পোস্ট—কে হাসিব আল ইসলাম বলেন, দুই মাসের ভাড়া বকেয়া ছিল এবং তা পরিশোধের মাধ্যমে বিষয়টির নিষ্পত্তি হয়েছে। তবে মালামাল সরানোর অভিযোগ সম্পর্কে প্রশ্ন করা হলে তিনি সরাসরি মন্তব্য না করে তার আইনজীবীর সঙ্গে যোগাযোগ করতে বলেন।

পরে জানা যায়, তার আইনি প্রতিনিধি হিসেবে দায়িত্বে আছেন মুনতাসিম বিল্লাহ মাহফুজ। দেওয়া নম্বরে একাধিকবার যোগাযোগের চেষ্টা করা হলেও তিনি সাড়া দেননি। হোয়াটসঅ্যাপে বার্তা পাঠানো হলে তা পৌঁছালেও কোনো উত্তর পাওয়া যায়নি।